

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-০৩ অধিশাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

স্মারক নম্বর- ০৫.০০.০০০০.২০৩.২৫.০১৪.১৮.৫৫

তারিখ: ১৩ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ  
২৫ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ


বিষয়: Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত  
"Policy Analysis" প্রশিক্ষণ কোর্সের ৬ষ্ঠ ব্যাচে কর্মকর্তা মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত "Policy Analysis" প্রশিক্ষণ কোর্সের ৬ষ্ঠ ব্যাচ আগামী ০৮ এপ্রিল ২০১৯ তারিখ হতে শুরু হবে। প্রশিক্ষণ কোর্সটি অর্থ বিভাগের অধীন Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় আয়োজন করা হয়।

০২। প্রশিক্ষণের মেয়াদ ১০ সপ্তাহ। প্রথম ৬ সপ্তাহ শুধু জননীতির বিভিন্ন বিষয় সম্পর্কে ধারণা দেওয়া হবে। পরবর্তী ৩ সপ্তাহ সংশ্লিষ্ট দপ্তর/বিভাগে সংযুক্ত করা হবে। এ সময় প্রত্যেক প্রশিক্ষণার্থী একটি Policy বিষয়ক প্রতিবেদন প্রস্তুত করবেন এবং দশম সপ্তাহে উক্ত প্রতিবেদন চূড়ান্ত করবেন। কোর্স সম্পর্কিত বিস্তারিত তথ্য নিম্নরূপ:

(ক)	উক্ত কোর্সে সিনিয়র সহকারী সচিব, উপসচিব ও যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন যাদের বয়স অনূর্ধ্ব ৫২ বছর।
(খ)	কোর্সে প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩০-৩৫ জন হবে। এর মধ্যে ২৫ জন সরকারি কর্মকর্তা এবং অবশিষ্ট ১০ জন বেসরকারি কর্মকর্তা যারা উন্মুক্ত বিজ্ঞাপনের মাধ্যমে নির্বাচিত হবেন।
(গ)	মনোনীত সরকারি কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন (১০ সপ্তাহ) BIGM-এ সংযুক্ত থাকবেন।
(ঘ)	কোর্সটি সপ্তাহে ০৫ দিন শনি-বুধবার সকাল ৯:০০ থেকে বিকাল ০৫:০০ টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে দৈনিক যাতায়াত ভাতা হিসেবে ৫০০/- (পাঁচশত) টাকা এবং দুপুরে খাবার দেওয়া হবে।
(ঙ)	শীর্ষস্থান অধিকারী ৫-৭ জন কর্মকর্তাকে দুই সপ্তাহের জন্য সিঙ্গাপুর Lee Kuan Yew School of Public Policy তে নীতিবিষয়ক উচ্চতর প্রশিক্ষণের জন্য মনোনীত করা হবে।

০৩। আগ্রহী প্রার্থীগণ আগামী ২১ মার্চ ২০১৯ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (দু: আ: অভিরিক্ত সচিব, সিপিটি, কক্ষ-১০১, ভবন-৩, ২য় তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) বরাবর নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন।

  
(মো. আনোয়ারুল ইসলাম সরকার)  
উপসচিব  
ফোন: ৯৫৭৭১১৩

অনুলিপি (সদয় অবগতির জন্য):

পরিচালক  
বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্ন্যান্স এ্যান্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম)  
ই-৩৩, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

আবেদন ফরম

বরাবর

সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়।

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ

বিষয়: "Policy Analysis" প্রশিক্ষণ কোর্সের ৬ষ্ঠ ব্যাচে মনোনয়নের আবেদন।

মহোদয়

বিনীত নিবেদন এই যে, আমি Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত "Policy Analysis" প্রশিক্ষণ কোর্সের ৬ষ্ঠ ব্যাচে অংশগ্রহণ করতে ইচ্ছুক। এ জন্য প্রয়োজনীয় তথ্যাবলি সদয় অবগতির জন্য পেশ করলাম:

০১।	নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল	:	
০২।	জন্ম তারিখ	:	
০৩।	বয়স (২১ মার্চ ২০১৯ তারিখে)	:	
০৪।	চাকরিতে যোগদানের তারিখ	:	
০৫।	ক্যাডারের নাম ও ব্যাচ	:	
০৬।	চাকরি স্থায়ীকরণের তারিখ	:	
০৭।	শিক্ষাগত যোগ্যতার বিবরণ	:	
০৮।	মোবাইল নম্বর	:	
০৯।	ইমেইল নম্বর	:	

এমতাবস্থায়, আমাকে উল্লিখিত কোর্সে মনোনয়ন প্রদানের জন্য বিনীত অনুরোধ করছি।

আপনার অনুগত,

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর